

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।  
www.bkkb.gov.bd

নং-০৫.৮১.০০০০.০০১.০৩.০৫৫.০৯-৭৮৭


তারিখ: ২০/৮/১৬

**অকেজো পুরাতন মালামাল বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিয়ন্ত্রণাধীন স্টাফবাস কর্মসূচির গাড়ীগুলিতে ব্যবহৃত অকেজো টায়ার, মবিল, গিয়ার অয়েলের খালি ড্রাম, ব্যাটারী, অকেজো যন্ত্রাংশ/মালামাল(স্ক্র্যাপ) এবং মতিঝিল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের ব্যবহার অযোগ্য পুরাতন যন্ত্রাংশ/মালামাল বিক্রয়ের জন্য আগ্রহী দরপত্র দাতাদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ২১/০৯/২০১৬ খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১.০০ ঘটিকার মধ্যে ১ম ১২ তলা সরকারি অফিস ভবন(১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা, মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী এর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ২.৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে টেন্ডার বাক্স(যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

সিডিউলের সাথে দরপত্র জামানত হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা এর অনুকূলে স্টাফবাস কর্মসূচির জন্য ফেরতযোগ্য ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের জন্য ফেরতযোগ্য ১০,০০০/- (দশ হাজার) টাকা এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (তফসিলি ব্যাংকের) অবশ্যই দাখিল করতে হবে। জামানত হিসেবে তফসিলি ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে সংযুক্ত করা হলে ঐ দরপত্র গ্রহণযোগ্য হবে না। প্রতি কপি সিডিউল নগদ ৪০০/- (চারশত) টাকা মূল্যে অফিস চলাকালীন সময়ে(সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত) অত্র বোর্ডের হিসাব শাখা(১ম ১২তলা সরকারি অফিস ভবন, কক্ষ নং-১১০১/খ, সেগুনবাগিচা, ঢাকা) হতে সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। দরপত্র দাখিল করতে ইচ্ছুক প্রতিষ্ঠান/ব্যক্তি ইচ্ছা করলে অফিস চলাকালীন সময়ে ৬নং রাজউক এভিনিউস্থ সরকারি স্টাফবাসের গ্যারেজে ও সেগুনবাগিচাস্থ অফিস স্টোরে এবং মতিঝিল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারে সংরক্ষিত অকেজো মালামাল সমূহ সরেজমিনে দেখতে পারবেন।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অনুমোদন বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(শিরিন আখতার)  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক  
ফোন-৯৩৪৯৩২৩  
ফ্যাক্স-৯৩৩৫৩৪৬

email- [dg@bkkb.gov.bd](mailto:dg@bkkb.gov.bd)

অপর পৃষ্ঠা দৃষ্টব্য-